

ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ

(বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের কেন্দ্রীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান)

পলাশ, নরসিংদী।

আলোচ্যসূচী নং -১০৯.১৩

: ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) এর ২০১৩-২০১৪ অর্থ বছরের নিরীক্ষিত ব্যালেন্সশীট, আয়-ব্যয় বিবরণী ও অডিটরস রিপোর্ট গভার্নিং বডি'র পরিচালকমন্ডলী কর্তৃক গ্রহণ (adoption) এবং অনুমোদন (approval) প্রসংগে।

০১। কার্যপত্র উপস্থাপনকারী কর্মকর্তা

: উপ প্রধান হিসাব রক্ষক, হিসাব বিভাগ, টিআইসিআই।

০২। বিষয়বস্তুর সারসংক্ষেপ

: টিআইসিআই এর ২০১৩-২০১৪ অর্থ বছরের হিসাব নিরীক্ষার জন্য বিসিআইসি মেসার্স এম এ ফজল এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস ফার্মকে সর্বমোট ২০,০০০/= (বিশ হাজার) টাকা ফি'তে নিয়োগ দিয়েছিল। উক্ত নিরীক্ষা ফর্ম যথারীতি টিআইসিআই এর ৩০ জুন ২০১৪ ইং তারিখে সমাপ্ত অর্থ বছরের হিসাব নিরীক্ষান্তে কর্তৃপক্ষের নিকট নিরীক্ষিত হিসাব ও প্রতিবেদন পেশ করে। এতদবিষয়ে বিসিআইসি'র হিসাব বিভাগে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় উক্ত নিরীক্ষিত হিসাব ও প্রতিবেদনের উপর পরীক্ষা-নিরীক্ষান্তে বিস্তারিত পর্যালোচনের পর হিসাব চূড়ান্ত করা হয়। প্রচলিত নিয়ম অনুযায়ী এবং ত্রি-পক্ষীয় সভার আলোচনা মোতাবেক ইতোমধ্যে নিরীক্ষিত হিসাব অত্র প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক ও হিসাব বিভাগীয় প্রধান কর্তৃক যুগ্মভাবে স্বাক্ষরিত হয়েছে। আলোচ্য ২০১৩-২০১৪ অর্থ বছরের নিরীক্ষিত ব্যালেন্সশীট, আয়-ব্যয় বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদন পর্যবেক্ষন ও অগ্রগতি টিআইসিআই গভার্নিং বডি'র সম্মানিত পরিচালকমন্ডলী কর্তৃক সদয় বিবেচনা ও গ্রহণ (adoption) এবং অনুমোদনের (approval) লক্ষ্যে গভার্নিং বডি'র অধ্যকার বোর্ড সভায় প্রস্তাবটি উপস্থাপন করা হলো।

০৩। বোর্ড সভায় উপস্থাপনের যৌক্তিকতা

: সংস্থার নিয়ন্ত্রনাধীন কোম্পানি/প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক চূড়ান্ত হিসাব চার্টার্ড একাউন্টেন্টস ফার্ম কর্তৃক নিরীক্ষান্তে তাদের নিরীক্ষিত হিসাব ও প্রতিবেদন নিজ নিজ কোম্পানী বোর্ড / গভার্নিং বডি কর্তৃক গ্রহণ (adoption) এবং অনুমোদন (approval) নেয়ার নিয়ম সংস্থায় প্রচলিত রয়েছে। তদানুযায়ী ২০১৩-২০১৪ অর্থ বছরের নিরীক্ষিত ব্যালেন্সশীট, আয়-ব্যয় বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদন গভার্নিং বডি'র সম্মানিত পরিচালকমন্ডলীর সদয় বিবেচনা, গ্রহণ (adoption) এবং অনুমোদন (approval) এর লক্ষ্যে প্রস্তাবটি অধ্যকার বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছে।

০৪। সংশ্লিষ্ট বিভাগ/ফাংশনাল উইং এর মতামত

: ২০১৩-২০১৪ অর্থ বছরের নিরীক্ষিত ব্যালেন্সশীট, আয়-ব্যয় বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদনে গভার্নিং বডি'র সম্মানিত পরিচালকমন্ডলী কর্তৃক গ্রহণ (adoption) এবং অনুমোদন (approval) নেয়া একান্তই আবশ্যিক।

০৫। আলোচ্য বিষয়ে আর্থিক সংশ্লিষ্টতা


: আলোচ্য বিষয়ে কোন আর্থিক সংশ্লিষ্টতা নেই।


০৬। প্রস্তাব অনুমোদিত/গৃহীত হলে প্রতিক্রিয়া

: প্রস্তাব বোর্ড কর্তৃক অনুমোদিত/গৃহীত হলে ২০১৩-২০১৪ অর্থ বছরের নিরীক্ষিত আয়-ব্যয় বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদনটি গ্রহণযোগ্যতা লাভ করবে এবং ভবিষ্যতে এতদসংশ্লিষ্ট বিষয়ে নিরীক্ষা আপত্তি এড়ানো সম্ভব হবে।

(Amr)

- ০৭। প্রস্তাব অনুমোদিত/ গৃহীত না হলে প্রতিক্রিয়া : প্রস্তাব বোর্ড কর্তৃক অনুমোদিত/গৃহীত না হলে উক্ত নিরীক্ষিত ব্যালেন্সশীট, আয়-ব্যয় বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদনের গ্রহণযোগ্যতা তথা মেরিট থাকবে না ফলে নিরীক্ষা আপত্তির সম্মুখীন হতে হবে এবং প্রতিষ্ঠানের অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনায় জটিলতার সৃষ্টি হবে।
- ০৮। ইতিপূর্বে কোন বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছিল কিনা যদি হয়ে থাকে তবে সিদ্ধান্ত কি ছিল ? : আলোচ্য প্রস্তাবটি ইতিপূর্বে কোন বোর্ড সভায় উপস্থাপন করা হয়নি।
- ০৯। বোর্ড কর্তৃক আলোচ্য বিষয়ের উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য সুনির্দিষ্ট প্রস্তাব/সুপারিশ : টিআইসিআই এর ২০১৩-২০১৪ অর্থ বছরের নিরীক্ষিত ব্যালেন্সশীট, আয়-ব্যয় বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদন গভার্নিং বডির সম্মানিত পরিচালকমণ্ডলী কর্তৃক গ্রহণ (adoption) এবং অনুমোদন (approval)।
- ১০। কার্যপত্রের সাথে সংযুক্ত কাগজপত্র (ক্রমানুসারে) : নিরীক্ষিত ব্যালেন্সশীট, আয়-ব্যয় বিবরণী, নিরীক্ষা প্রতিবেদন ও বাজেট ভ্যারিয়েন্সের ব্যাখ্যা।


প্রস্তাবকারী কর্মকর্তা।


নির্বাহী পরিচালক, টিআইসিআই।

সচিব, টিআইসিআই গভার্নিং বডি।

